বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

গাজীপুর।

বিষয়ঃ ২০১৭-১৮ অর্থবছরে বাস্তবায়িতব্য ব্রি'র এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব/অনুন্নয়ন কর্মসূচিসমূহের নভেম্বর/১৭ মাস পর্যন্ত অগ্রগতির পর্যালোচনা সভার কার্যবিবরণী।

২০১৭-১৮ অর্থ বছরে বাস্তবায়িতব্য ব্রি'র উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব/অনুন্নয়ন কর্মসূচিসমূহের নভেম্বর/১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা গত ১৮/১২/২০১৭ তারিখে ব্রি'র সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মহাপরিচালক ড. মোঃ শাহজাহান কবীর। সভায় উপস্থিত অন্যান্য কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশিত হলো।

২ উপস্থাপনঃ

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রধান পরিকল্পনা কর্মকর্তা জনাব মুঃ মুনিরুল ইসলাম সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

৩ বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণঃ

গত ২১/১১/২০১৭ তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয়। উক্ত কার্যবিবরণীতে সভায় উপস্থিত কর্মকর্তাদের কারো কোন দ্বিমত/মন্তব্য/সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি নিশ্চিত করা হয়।

৪ বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ

৪.১ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ভৌত সুবিধাদি ও গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্পের অধীনে প্রধান কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয় সমূহের সকল নির্মাণ কাজ প্রকল্প পরিচালক, আঞ্চলিক কার্যালয় প্রধানগণ, মনিটরিং কমিটি এবং প্রকৌশলীদের তত্ত্বাবধানে সকল নির্মাণ ও মেরামত কাজ পরিচালিত হচ্ছে বলে প্রকল্প পরিচালক সভাকে জানান। এ সকল কাজ মানসম্পন্নভাবে সম্পন্ন করে এডিপি বাস্তবায়ন অগ্রগতি শতভাগ নিশ্চিত করতে মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন।

৪.২ ভাঙ্গা, রাজশাহী ও রংপুর আঞ্চলিক কার্যালয়ে তিন জন উপ-সহকারী প্রকৌশলীকে বদলী করা হয়েছে এবং অন্যান্য আঞ্চলিক কার্যালয়ে প্রকৌশল সহায়তা প্রদান করা হচ্ছে বলে প্রকল্প পরিচালক সভাকে জানান। পাশাপাশি ভাঙ্গা আঞ্চলিক কার্যালয়ে নির্মাণাধীন বাসা-বাড়ী মেরামতসহ অন্যান্য কাজের ত্রুটিসমূহ যথাসম্ভব দূর করা হচ্ছে বলে প্রকল্প পরিচালক সভাকে জানান। পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) দ্রুত ভাঙ্গা আঞ্চলিক কার্যালয় পরিদর্শন করবেন বলে সভাকে জানান। এছাড়া প্রকল্পের নির্মাণ কাজের সঠিক মনিটরিং এর জন্য নির্বাহী প্রকৌশলীকে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ভৌত সুবিধাদি ও গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্পের ব্যয়ে ব্রি'র একটি ভাল মানের পিক-আপ প্রদান করতে মহাপরিচালক মহোদয় আবারও নির্দেশ প্রদান করেন এবং প্রকল্প পরিচালককে বিষয়টি নিশ্চিত করতে পরামর্শ প্রদান করেন। এ বিষয়ে প্রকল্প পরিচালক নির্বাহী প্রকৌশলী তথা অত্র প্রকল্পের উপ-প্রকল্প পরিচালকের সার্বক্ষনিক সহায়তা চান। এছাড়া প্রকল্পের অধীনে পরামর্শক ফার্ম নিয়োগের চুক্তি হয়েছে বলে প্রকল্প পরিচালক সভাকে জানান। এ প্রসঙ্গে মহাপরিচালক মহোদয় জানতে চান যে, পরামর্শক যে কাজ শুরু করেছে তা এখনও দৃশ্যমান নয়। এ বিষয়ের উপর বিস্তারিত আলোচনান্তে দ্রুত ব্রি'র কর্তৃপক্ষের সাথে পরামর্শক ফার্মের/দলের একটি যৌথ সভা আয়োজন করতে প্রকল্প পরিচালকে নির্দেশ প্রদান করা হয়।

আলোচ্য প্রকল্পের অধীনে নতুন তিনটি আঞ্চলিক কার্যালয়ের জন্য অধিগ্রহণকৃত তিনটি জায়গায় ডিসি অফিস থেকে জমি হস্তান্তরের পত্র পাওয়া মাত্র যাতে বাউন্ডারী ওয়াল শুরু করা সম্ভব হয় সেভাবে দরপত্র প্রস্তুত করার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। এছাড়া প্রকল্প ব্যবস্থাপনা, বাস্তবায়ন, প্রকিউরমেন্ট ও মনিটরিং বিষয়ক প্রশিক্ষণে আগমী ২৬ ডিসেম্বর/২০১৭ তারিখে নাটায় শুরু হবে বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়। এ প্রশিক্ষণে ২ জন প্রশিক্ষণার্থী নির্বাচনের বিষয়টি নীতিমালা মোতাবেক পরিচালকদ্বয় ও মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনা করে নিস্পন্ন করতে সভায় পরামর্শ প্রদান করা হয়।

৪.৩ প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক স্থানীয় ধানের জাতসমূহ বিশেষত দক্ষিণাঞ্চলের বালাম, লক্ষ্মীদীঘা ও অন্যান্য স্থানীয় ধানের জাত যেমন- কৃষ্ণভোগ, রাণী সেলুট, বিরই, টেপি বোরো, রাতা বোরোসহ বিভিন্ন স্থানীয় জাত নিয়ে সভায় আলোচনা করা হয়। এ সকল স্থানীয় জাতসমূহের গবেষণা কার্যক্রম চলমান আছে বলে পরিচালক (গবেষণা) সভাকে জানান। এছাড়া সভায় আরও আলোচনা হয় যে, গভীর পানিতে চাষাবাদ উপযোগী ধানের গবেষণা কাজে দায়িত্বপ্রাপ্ত বিজ্ঞানী ড. এ এস এম মাসুদুজ্জামানকে গোপালগঞ্জ ও বরিশাল অঞ্চলের লক্ষ্মীদীঘা, বাঁশিরাজ এবং সিলেট অঞ্চলের লালমোহন, হবিগঞ্জের দুধলাকি, টাঙ্গাইলের স্বর্ণদিঘা, কুমিল্লার ফুলকড়ি এবং সিরাজগঞ্জের সুরসড়িয়াসহ অন্যান্য স্থানীয় জাত সংগ্রহ করে পিওর লাইন নির্বাচন করে RYT এবং প্রধান কার্যালয়ের ডিপওয়াটারের জায়গায় ও গবেষণা ফার্মে প্রদর্শনী স্থাপনের মাধ্যমে নতুন জাত উদ্ভাবন ও তা সংরক্ষণ করতে মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন।

৪.৪ হাইব্রিড ধান গবেষণা দক্ষতা বৃদ্ধি প্রকল্পের আওতায় বরিশালে নির্মাণাধীন সেডটি চুক্তি মোতাবেক নির্ধারিত সময়ে সমাপ্ত হবে বলে প্রকল্প পরিচালক সভাকে জানান। সভাপতি মহোদয় কাজটি সময়মত সমাপ্ত করতে আবারও নির্দেশ দেন।

৪.৫ কুমিল্লা আঞ্চলিক কার্যালয়ের বাউন্ডারি ওয়াল নির্মাণ কাজ বারি'র প্রবেশ পথের সাইড থেকে দ্রুত শুরু করতে মহাপরিচালক মহোদয় আবারও নির্দেশ প্রদান করেন। এ বিষয়টি দ্রুত শুরু করার জন্য ঠিকাদারের সাথে যোগাযোগ করে তাকে নির্দেশনা প্রদান করতে মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন।

৪.৬ মানসম্পন্ন বীজ সরবরাহ বৃদ্ধিকরণ প্রকল্পের অর্থায়নে নির্মিত ট্রেনিং কমপ্লেক্স ভবনের হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন হয়েছে।

৪.৭ কৃষি মন্ত্রণালয়ের সচিবালয় অংশে ৪৮২৯-গবেষণা/উদ্ভাবনী ব্যয় খাতে গবেষণা প্রস্তাব সংশ্লিষ্ট পিআইদের নিয়ে মাস ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ণের কাজ সম্পন্ন হয়েছে এবং এই কর্মপরিকল্পনা নিয়ে গত ০৩/১২/১৭ তারিখে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত এবং মন্ত্রণালয় ও বার্কের নির্দেশনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করতে মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন। এ প্রসঙ্গে মহাপরিচালক মহোদয় গত বছরের কার্যক্রম মূল্যায়নের জন্য একটি কমিটি গঠন করে দ্রুত একটি মূল্যায়ন রিপোর্ট প্রস্তুতের জন্য নির্দেশ প্রদান করেন। এছাড়া গত ২০১৬-১৭ অর্থ বছরে সমাপ্ত ১টি কর্মসূচির কার্যক্রম একইভাবে মূল্যায়নের জন্য নির্দেশ প্রদান করেন।

৫ ২০১৭-১৮ অর্থ বছরে বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব/অনুন্নয়ন কর্মসূচি ভিত্তিক গৃহীত কর্ম পরিকল্পনা ও সংগ্রহ পরিকল্পনা অনুযায়ী নভেম্বর/১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ-

এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পঃ

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের অধীনে ২০১৭-১৮ অর্থ বছরের এডিপি'তে ০২টি প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। মোট এডিপি বরাদ্দ ১০১৯৭.০০ লক্ষ টাকা। যার মধ্যে জিওবি ৮৯১৫.০০ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ১২৮২.০০ লক্ষ টাকা। নভেম্বর/১৭ পর্যন্ত ব্যয় হয়েছে ২৫৪৩.৪২ লক্ষ টাকা; যা বরাদ্দের ২৪.৯৪% মাত্র। জিওবি বরাদ্দের ১৪.৭৭% (১৩১৬.৪৭ লক্ষ টাকা) এবং প্রকল্প সাহায্য ৯৫.৭১% (১২২৬.৯৫ লক্ষ টাকা) মাত্র। গত অর্থবছরে নভেম্বর/১৬ পর্যন্ত ব্যয় হয়েছিল ৮.৫৭% (৩২২.৫৪ লক্ষ টাকা)। ২০১৭-১৮ অর্থবছরে ২টি প্রকল্পে মোট ৬৬টি দরপত্রের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তার মধ্যে ৬৩টি দরপত্র আহবান ও কার্যাদেশ প্রদান করা হয়েছে। যানবাহন সংক্রান্ত ৩টি দরপত্রে অর্থ মন্ত্রণালয়ের পূর্বানুমতি না পাওয়ার কারণে এখনও আহবান করা সম্ভব হয় নাই।

(ক) ২০১৭-১৮ অর্থ বছরে দরপত্র অগ্রগতিঃ

প্রকল্প/কর্মসূচির নাম	দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা		দরপত্র আহবান (সংখ্যায়)	কার্যাদেশ প্রদান (সংখ্যায়)
	সংখ্যায়	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)		
উন্নয়ন প্রকল্প				
১. বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ভৌত সুবিধাদি ও গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প	৬৬টি	৬৪৮০.৩৬	৬৩টি	৬৩টি
২. বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের হাইব্রিড ধান গবেষণা দক্ষতা বৃদ্ধি	-	-	-	-
মোট	৬৬টি	৬৪৮০.৩৬	৬৩টি	৬৩টি

(খ) ২০১৭-১৮ অর্থবছরে বাজেট বরাদ্দ ও অগ্রগতিঃ

প্রকল্প/কর্মসূচির নাম	মোট বরাদ্দ (জিওবি) (পিএ)	মোট অর্থ ছাড় (%) জিওবি (%) পিএ (%) নভেম্বর/১৭ পর্যন্ত)	নভেম্বর/১৭ পর্যন্ত অগ্রগতি	গত বছরের নভেম্বর/২০১৬ পর্যন্ত সময়ে অগ্রগতি	নভেম্বর/২০১৭ পর্যন্ত বাস্তব অগ্রগতি
			মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)	মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)	
১. উন্নয়ন প্রকল্প					
১.১ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ভৌত সুবিধাদি ও গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প	৮৫০০.০০ (৮৫০০.০০) (-)	৪২৫০.০০ (৫০.০০) ৪২৫০.০০ (৫০.০০) -	১২২৩.৪৭ (১৪.৩৯) ১২২৩.৪৭ (১৪.৩৯) -	১২২.২২ (৪.০৭) ১২২.২২ (৪.০৭) -	৩৫%
১.২ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের হাইব্রিড ধান গবেষণা দক্ষতা বৃদ্ধি প্রকল্প	১৬৯৭.০০ (৪১৫.০০) (১২৮২.০০)	১২৪৫.৪০ (৭৩.৩৯) ১০৭.৪৫ (২৫.০০) ১১৩৭.৯৫ (৮৮.৭৫)	১৩১৯.৯৫ (৭৭.৭৮) ৯৩.০০ (২২.৪৯) ১২২৬.৯৫ (৯৫.৭১)	- - -	৯৯%
মোট = ২টি প্রকল্প	**১০১৯৭.০০ (৮৯১৫.০০) (১২৮২.০০)**	**৫৪৯৫.৪০ (৫৩.৮৯) ৪৩৫৭.৪৫ (৪৮.৮৮) ১১৩৭.৯৫ (৮৮.৭৬)**	**২৫৪৩.৪২ (২৪.৯৪) ১৩১৬.৪৭ (১৪.৭৭) ১২২৬.৯৫ (৯৫.৭১)**	**৩২২.৫৪ (৮.৫৭) ২৫৫.১৭ (৭.৭১) ৬৭.৩৭ (১৪.৭৪)**	-

F:\All Nikos\ADP Metting\ADP Meeting Proceeding.doc